

সম্মানিত অভিভাবকবৃন্দ,  
আসসালামু আলাইকুম।

কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন আপনাদের সন্তানেরা শ্রেণি কক্ষে ক্লাস করতে পারেনি। আপনারা অবগত আছেন যে, আগামী ১২/০৯/২০২১ তারিখ হতে সরকারী নির্দেশনা অনুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান শুরু হবে। তাই আপনাদের সন্তানেরা বাসা থেকে যাওয়া-আসার সময় এবং শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালীন কিভাবে স্বাস্থ্যবিধি মেনে চলবে সেই সম্পর্কে কিছু দিক-নির্দেশনা দেওয়া হলো, আপনারা অবশ্যই আপনাদের সন্তানদের এ ব্যাপারে প্রয়োজনীয় প্রেষণা/ উদ্বুদ্ধ করবেন এবং যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে নির্দেশ দিবেন।

দিক-নির্দেশনা সমূহঃ

- বাসা থেকে বের হবার সময় পরিষ্কার মাস্ক পরিধান নিশ্চিত করবেন এবং ব্যাগে অন্ততঃ একটি অতিরিক্ত মাস্ক দিয়ে দিবেন।
- শিক্ষার্থীদের ব্যাগে একটি ছোট হ্যান্ড সেনিটাইজার দিবেন।
- শিক্ষার্থীদের ব্যাগে কয়েকটি টিস্যু পেপার দিবেন যাতে তারা হাত-মুখ পরিষ্কার করতে পারে।
- সকালবেলা আপনাদের সন্তানদের সাধ্যমত খাবার দিবেন, খালি পেটে কাউকে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাবেন না।
- ব্যাগে এক বোতল পানি ও সম্ভব হলে কিছু টিফিন দিবেন।
- বাসা থেকে আসা যাওয়ার সময় যতটুকু সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখতে বলবেন।
- যাওয়া আসার পথে সবসময় মাস্ক পরিধান করে থাকতে বলবেন।
- শিক্ষা প্রতিষ্ঠানে লাইন ধরে সামাজিক দূরত্ব বজায় রেখে প্রবেশ করতে বলবেন।
- শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পথে রক্ষিত সাবান দিয়ে হাত মুখ ধুতে বলবেন।
- শিক্ষা প্রতিষ্ঠানে সহপাঠীদের সাথে কোলাকুলি বা হ্যান্ডশেক করতে মানা করবেন।
- শিক্ষা প্রতিষ্ঠানে সব সময় মাস্ক পরে থাকতে বলবেন।
- হাঁচি/কাশি দেয়ার সময় মুখে রুমাল/টিস্যু/হাতের কনুই ব্যবহার করতে বলবেন।
- ব্যবহৃত টিস্যু যত্রতত্র না ফেলে প্রতিষ্ঠানে রক্ষিত ডাস্টবিনে/নির্দিষ্ট স্থানে ফেলতে বলবেন।
- টিফিন বা নাস্তা করার সময় অবশ্যই ভালোভাবে হাত মুখ ধুতে বলবেন।
- শ্রেণিকক্ষে নির্ধারিত আসনে সামাজিক দূরত্ব মেনে বসতে বলবেন।
- অতিরিক্ত যাত্রী আছে এমন গণপরিবহন (বাস/টেম্পো) ব্যবহার করতে মানা করবেন।
- শিক্ষা প্রতিষ্ঠানে আসার পর অসুস্থতাবোধ করলে সঙ্গে সঙ্গে শ্রেণি শিক্ষককে জানাতে বলবেন।
- কোন অবস্থাতে অসুস্থ শরীরে (জ্বর, সর্দি, কাঁশি, মাথা ব্যাথা, গলা ব্যাথা, শ্বাসকষ্ট ইত্যাদি থাকলে) কাউকে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাবেন না।
- যথাযথ ইউনিফর্ম পরিধান করিয়ে আপনার সন্তানকে প্রতিষ্ঠানে পাঠাবেন।
- ইউনিফর্ম না থাকলে দ্রুততম সময়ে তৈরি করিয়ে নিবেন।
- শিক্ষা প্রতিষ্ঠান থেকে যাওয়ার পর প্রতিদিন ইউনিফর্ম (স্কুল/কলেজ ডেস) ধুয়ে দিবেন।
- সর্বোপরি আপনার সন্তানকে শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মকানুন ও সরকারী স্বাস্থ্যবিধি সম্পর্কে অবহিত করবেন।
- পরিশেষে, সবাই ভালো থাকুন, সুস্থ থাকুন এই কামনা করছি।

গাইড শিক্ষক/শ্রেণি শিক্ষক